গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
www.fireservice.gov.bd

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০২.১১.০৭৩.১৮- ৯৫৫৭ তারিখ: ১০/১১/১৪২৪ বঙ্গাব্দ
২২/২/২০১৮ খ্রিঃ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে রাজস্ব খাতে অস্থায়ী ভিত্তিতে নিম্নলিখিত পদে সরাসরি নিয়োগের নিমিত্ত পদের বিপরীতে উল্লেখিত যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশি (৫ নং কলামে বর্ণিত জেলাসমূহ ব্যতীত) নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল/১৫ | পদের সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | ওয়্যারলেস মেকানিক ৯৭০০-২৩৪৯০/- গ্রেড-১৫ | ০২ (দুই)টি | কোন স্বীকৃত বোর্ড হতে কমপক্ষে ২য় বিভাগসহ (বিজ্ঞান বিভাগ) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাস বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। | ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ. নেত্রকোণা, নওগাঁ, জয়পুরহাট, পাবনা, গাইবান্ধা, মাগুরা, নড়াইল, বরিশাল ও ঝালকাঠি **জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন না।** **তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় যে কোন জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।** |
| ২. | সহকারী মেকানিক ৯৭০০-২৩৪৯০/- গ্রেড-১৫ | ০৪(চার)টি | (ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড সার্টিফিকেটধারী হতে হবে। | |
| ৩. | মোল্ডার ৯৭০০-২৩৪৯০/- গ্রেড-১৫ | ০১ (এক)টি | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড সার্টিফিকেটধারীসহ সংশ্লিষ্ট কাজে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৪. | ইলেকট্রিশিয়ান ৯০০০-২১৮০০/- গ্রেড-১৭ | ০১ (এক)টি | কোন স্বীকৃত টেকনিক্যাল ইনস্টিটিউট হতে অটো ইলেকট্রিশিয়ান-এর সার্টিফিকেটধারী হতে হবে। | মানিকগঞ্জ, ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, মাদারীপুর, কিশোরগঞ্জ, জামালপুর, নেত্রকোণা, শেরপুর, নওগাঁ, জয়পুরহাট, পাবনা, ঠাকুরগাঁও, গাইবান্ধা, খুলনা, বাগেরহাট, মাগুরা, নড়াইল, বরিশাল, ঝালকাঠি ও পিরোজপুর **জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন না।** **তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় যে কোন জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।** |
| ৫. | ওয়েল্ডার ৯০০০-২১৮০০/- গ্রেড-১৭ | ০২ (দুই)টি | কোন স্বীকৃত টেকনিক্যাল ইনস্টিটিউট হতে সংশ্লিষ্ট ক্ষেত্রে ট্রেড সার্টিফিকেটধারী এবং সংশ্লিষ্ট কাজে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৬. | ওয়ার্কশপ হেলপার ৮৫০০-২০৫৭০/- গ্রেড-১৯ | ০৪ (চার)টি | সরকার অনুমোদিত কোন ভকেশনাল ট্রেনিং ইনস্টিটিউট/ টেকনিক্যাল ট্রেনিং সেন্টার বা কোন অনুমোদিত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট ক্ষেত্রে সার্টিফিকেটধারী হতে হবে। | |
| ৭. | সহকারী হোজ রিপেয়ারার ৮২৫০-২০০১০/- গ্রেড-২০ | ০১ (এক)টি | (ক) অষ্টম শ্রেণি পাস; এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে ০২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৮. | বাবুর্চি ৮২৫০-২০০১০/- | ০৫ (পাঁচ) টি | অষ্টম শ্রেণি পাস এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৯. | সহকারী বাবুর্চি ৮২৫০-২০০১০/- গ্রেড-২০ | ০২ (দুই)টি | অষ্টম শ্রেণি পাস এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ১০. | ওজনদার ৮২৫০-২০০১০/- গ্রেড-২০ | ০১ (এক)টি | অষ্টম শ্রেণি পাস এবং সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ১১. | মালী ৮২৫০-২০০১০/- গ্রেড-২০ | ০১ (এক)টি | অষ্টম শ্রেণি পাস। | |
| | মোট = | ২৪টি | | |

### দরখাস্ত দাখিলের শর্তাবলিঃ

১. প্রার্থীগণকে সম্প্রতি তোলা ৫ সেমিঃ × ৫ সেমিঃ সাইজের ৪ কপি রঙিন ছবি এবং টাকা জমার ট্রেজারি চালানের মূল কপি নির্ধারিত পূরণকৃত (প্রার্থীর স্বহস্তে) আবেদন ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

২. **প্রার্থীর বয়সসীমা ০১/০৪/২০১৮ খ্রিঃ তারিখে ১৮ থেকে ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ বছর। মুক্তিযোদ্ধা সন্তানের সন্তানদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩০ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।**

৩. **আবেদনের সাথে অন্য কোন কাগজপত্র সংযুক্ত করার প্রয়োজন নেই।** তবে শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ, জাতীয় পরিচয়পত্র, চারিত্রিক সনদ (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক), নাগরিকত্ব সনদ, মুক্তিযোদ্ধা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিশেষ কোটার প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত ছায়াকপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক) মৌখিক পরীক্ষার সময় ১ (এক) সেট জমা দিতে হবে এবং মূল সনদপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

৬

৪. নিয়োগ বিজ্ঞপ্তির ক্রমিক নং-০১ হতে ০৩ পর্যন্ত পদের প্রার্থীগণ আবেদনপত্রের সাথে **১০০/- (এক শত) টাকা এবং ক্রমিক নং-০৪ হতে ১১ পর্যন্ত পদের প্রার্থীগণ ৫০/- (পঞ্চাশ) টাকার ট্রেজারি চালান** কোড নং-"১ -৭৩৬১-০০০০-২০৩১"-এর অনুকূলে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা করে ট্রেজারি চালানের মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। (**এ ক্ষেত্রে পোস্টাল অর্ডার, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার গ্রহণযোগ্য হবে না**)।

৫. চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। তবে তাদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য নয়।

৬. মুক্তিযোদ্ধার সন্তান হলে তার সপক্ষে গেজেটসহ (১) প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র, (২) মুক্তিবার্তার তালিকায় নাম, (৩) গেজেট তালিকায় নাম, (৪) মুক্তিযোদ্ধা কোটায় পিতার সরকারি চাকরি - এ চার ক্যাটাগরির যেকোন একটি বিদ্যমান থাকলে প্রার্থীরা মুক্তিযোদ্ধা কোটায় আবেদন করতে পারবেন। প্রতিবন্ধীদের ক্ষেত্রে উপপরিচালক, জেলা সমাজ সেবা কর্তৃক প্রদত্ত সনদ এবং বিশেষ কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে এবং সত্যায়িত ছায়াকপি জমা দিতে হবে।

৭. আবেদনকারী যে কোটায় আবেদন করবেন তা আবেদনপত্রে উল্লেখ করতে হবে, যেমনঃ এতিম ও শারীরিক প্রতিবন্ধী, মুক্তিযোদ্ধা, মহিলা আনসার ও ভিডিপি, ক্ষুদ্র ও নৃতাত্ত্বিক জনগোষ্ঠী।

৮. এতিম প্রার্থীদের বেলায় রেজিস্টার্ড এতিমখানার নিবাসী হতে হবে এবং এতিমখানার নিবাসী সনদপত্র সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হতে হবে।

৯. পুলিশ কর্তৃক সত্যতা প্রতিপাদনে প্রার্থীর স্থায়ী ঠিকানা, দাখিলকৃত সনদপত্র ও আবেদনপত্রে উল্লেখিত তথ্য ভুয়া/মিথ্যা প্রমাণিত হলে তাকে চাকরি হতে বরখাস্ত করা হবে।

১০. **আবেদনকারীকে তার অর্জিত সঠিক শিক্ষাগত যোগ্যতা আবেদনপত্রে উল্লেখ করতে হবে। অর্জিত শিক্ষাগত যোগ্যতা গোপন রেখে পরবর্তীতে তা প্রকাশ করে পদোন্নতি বা অন্য কোন বৈধ সুযোগ দাবি করলে তা গ্রহণ যোগ্য হবে না।**

১১. নিয়োগপ্রাপ্তগণ ডাক্তারি পরীক্ষায় অযোগ্য ঘোষিত হলে নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

১২. নিয়োগের ক্ষেত্রে বিদ্যমান সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে।

১৩. যে কোন আবেদনপত্র বাতিল, সংরক্ষণসহ অন্য যে কোন ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪. দরখাস্তের উপর সুপারিশ ও যেকোন ধরনের তদবিরকে প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য করা হবে।

১৫. **প্রার্থীগণকে ০৯ এপ্রিল ২০১৮ তারিখ সকাল** ৮.০০টায় নির্ধারিত ফরমে আবেদন ও প্রয়োজনীয় কাগজপত্রসহ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর (১০ নং গোলচত্বর), ঢাকায় উপস্থিত হতে হবে। আবেদনের নির্ধারিত ফরম বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ওয়েবসাইটে **(www.fireservice.gov.bd)** পাওয়া যাবে।

১৬. মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য সকল সনদপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে।

১৭. পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

**বিশেষ দ্রষ্টব্যঃ** বিজ্ঞপ্তিটি www.fireservice.gov.bd ওয়েব সাইটে লগ ইন করলে পাওয়া যাবে।

21/02/2018

সভাপতি
বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটি

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে ................................ পদে চাকরির আবেদন ফরম

৫ সেমিঃ × ৫ সেমিঃ সাইজের ৪ কপি রঙিন ছবি

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১. | পদের নামঃ | | | | |
| ২. | বিজ্ঞপ্তির নম্বরঃ | | | তারিখঃ | |
| ৩. | প্রার্থীর নামঃ | বাংলায়ঃ | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে): | | | |
| ৪. | জাতীয় পরিচয় নম্বরঃ | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বরঃ | | | | |
| ৫. | জন্ম তারিখঃ | | ৬. জন্মস্থান (জেলা): | | |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়সঃ | | বছর | মাস | দিন |
| ৮. | মাতার নামঃ | | | | |
| ৯. | পিতার নামঃ | | | | |

| | | | |
|---|---|---|---|
| ১০. | ঠিকানাঃ | বর্তমান | স্থায়ী |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) | | |
| | গ্রাম/পাড়া/মহল্লাঃ | | |
| | ইউনিয়ন/ওয়ার্ডঃ | | |
| | ডাকঘরঃ | | |
| | পোস্টকোড নম্বরঃ | | |
| | উপজেলাঃ | | |
| | জেলাঃ | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | যোগাযোগঃ | মোবাইল/টেলিফোন নম্বরঃ | | ই-মেইল (যদি থাকে): |
| ১২. | জাতীয়তাঃ | | ১৩. | জেন্ডার/লিঙ্গঃ |
| ১৪. | ধর্মঃ | | ১৫. | বৈবাহিক অবস্থাঃ |
| ১৬. | শিক্ষাগত যোগ্যতাঃ | | | |

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) : | | | |
| ১৯. | কোটা (টিক দিন) | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন): |
| ২০. | ট্রেজারি চালান নম্বরঃ | | | তারিখঃ |
| | ব্যাংক ও শাখার নামঃ | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখঃ

প্রার্থীর স্বাক্ষর